

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৮/২০২২-২০২৩
ময়মনসিংহ, ২১ মার্চ, মঙ্গলবার ২০২৩, ০৭ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। দেশের সার্বভৌমত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীকে সক্ষম করে গড়ে তোলা হচ্ছে- প্রধানমন্ত্রী
- ০২। স্মার্ট বাংলাদেশ হবে স্মার্ট প্রযুক্তি নির্ভর- ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী
- ০৩। ময়মনসিংহে আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে জমিসহ ৫৩৯টি নতুন ঘর পাচ্ছেন গৃহহীন পরিবার
- ০৪। শেরপুরের ৩টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণা উপলক্ষ্যে জেলা প্রশাসনের প্রেস ব্রিফিং
- ০৫। গেজেট জারি: ২০৩০ সাল পর্যন্ত সংরক্ষিত বনের গাছ কাটা যাবে না

০১। দেশের সার্বভৌমত্ব রক্ষায় সশস্ত্র বাহিনীকে সক্ষম করে গড়ে তোলা হচ্ছে- প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার সশস্ত্র বাহিনীকে এমনভাবে গড়ে তুলছে যাতে বাংলাদেশ কোনোভাবে আক্রান্ত হলে তারা দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে পারে। সোমবার (২০ মার্চ) অপরাহ্নে বাংলাদেশ নৌবাহিনীর নবনির্মিত 'বানৌজা শেখ হাসিনা' সাবমেরিন ঘাঁটির কমিশনিং অনুষ্ঠানে গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কক্সবাজারের পেকুয়ায় নবনির্মিত ঘাঁটির সঙ্গে ভারুয়ালি সংযুক্ত হয়ে প্রধান অতিথির ভাষণে প্রধানমন্ত্রী একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক হৃদয়ের বাংলা।

০২। স্মার্ট বাংলাদেশ হবে স্মার্ট প্রযুক্তি নির্ভর- ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী

ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, প্রচলিত জীবন দিয়ে সামনের দিন চলবে না। আগামী স্মার্ট বাংলাদেশ হবে প্রযুক্তি নির্ভর। প্রযুক্তির জগতে টিকতে হলে স্মার্ট মানুষ হতে হবে সবাইকে। সোমবার (২০ মার্চ) দুপুরে নেত্রকোনার খালিয়াজুরীর রসুলপুর এলাকায় ধনু নদে ছোট বড় প্রায় সব ধরনের যানবাহন পরিবহনযোগ্য 'ফেরি' চলাচলের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি। নেত্রকোনা সড়ক ও জনপথ (সওজ) বিভাগের আয়োজনে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিস। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৩। ময়মনসিংহে আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে জমিসহ ৫৩৯টি নতুন ঘর পাচ্ছেন গৃহহীন পরিবার

ময়মনসিংহ জেলায় সরকারের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে জমিসহ ৫৩৯টি নতুন ঘর পাচ্ছেন গৃহহীন পরিবারের লোকজন। এর মধ্যে সবকটি ঘরের নির্মাণকাজ শেষ হয়েছে। এর ফলে জেলার পূর্বের ৪টির সাথে নতুন করে আরো ৩টি উপজেলা ভূমিহীন ও গৃহহীনমুক্ত হতে যাচ্ছে। আগামী ২২ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারুয়ালি এসব ঘর উদ্বোধন করে উপকারভোগীদের কাছে জমির দলিল, নামজারি এবং সনদ হস্তান্তর করবেন বলে জানিয়েছেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। এদিন ময়মনসিংহের ১৩টি উপজেলায় একযোগে গৃহহীনদের ঘর উপহার দেয়া হবে। সোমবার (২০ মার্চ) বিকেলে ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয় সম্মেলনক্ষেত্রে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক হৃদয়ের বাংলা ও দৈনিক নিউ টাইমস।

০৪। শেরপুরের ৩টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীনমুক্ত ঘোষণা উপলক্ষ্যে জেলা প্রশাসনের প্রেস ব্রিফিং

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক সারা দেশে ভূমিহীন ও গৃহহীনদের মধ্যে আশ্রয়ণ প্রকল্প-২ এর ৪র্থ পর্যায়ে ভূমি ও গৃহ প্রদানের আওতায় শেরপুরের ৩টি উপজেলাকে ভূমিহীনমুক্ত ঘোষণা করা উপলক্ষ্যে প্রেস ব্রিফিং করেছে শেরপুর জেলা প্রশাসন। সোমবার (২০ মার্চ) বিকেলে শেরপুর জেলা প্রশাসনের সম্মেলন ক্ষেত্রে আয়োজিত উক্ত প্রেস ব্রিফিংয়ে সভাপতিত্ব করেন শেরপুর জেলা প্রশাসক সাহেলা আক্তার। ২২ মার্চ গণভবন থেকে ভারুয়ালি সারাদেশের ন্যায় শেরপুর জেলার সাথে যুক্ত হয়ে ভূমি ও গৃহ প্রদান কার্যক্রমের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র: আজকের ও বাংলাদেশ, দৈনিক স্বজন।

০৫। গেজেট জারি: ২০৩০ সাল পর্যন্ত সংরক্ষিত বনের গাছ কাটা যাবে না

দেশের জীববৈচিত্র্য রক্ষায় ২০৩০ সাল পর্যন্ত সংরক্ষিত ও প্রাকৃতিক বনাঞ্চল থেকে কোনো গাছ কাটা যাবে না। গত বছর মন্ত্রিসভায় এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের পর রবিবার (১৯ মার্চ) এ বিষয়ে গেজেট জারি করেছে সরকার। গেজেটে বলা হয়, দেশের জীববৈচিত্র্য রক্ষার উদ্দেশ্যে সংরক্ষিত ও প্রাকৃতিক বনাঞ্চল থেকে গাছ কাটা ২০২৩ সালের ০১ জানুয়ারি থেকে ২০৩০ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বন্ধ করা হলো। সূত্র: আজকের বাংলাদেশ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** দেশ থেকে প্রতিবছর অন্তত ৭১ হাজার কোটি টাকা পাচার হলেও তা প্রতিরোধ কিংবা পাচার হওয়া অর্থ ফেরত আনতে কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না। তাই অর্থ পাচার তদন্তের ক্ষেত্রে দুদকের ক্ষমতা বৃদ্ধি করতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** পাঠ্য বইয়ের তথ্য বিকৃতি ও বাক্য গঠনের ভুলগুলো শুধু অদক্ষতার পরিচায়কই নয়, এটি অমার্জনীয় অপরাধ। এসব কারণে ভোগান্তিতে পড়ছে শিক্ষার্থীরা। পাঠ্যবইয়ের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে ভুল-ত্রুটি ও বিকৃতি যেন কোনোভাবেই আর না থাকে সে বিষয়ে সরকার ও সংশ্লিষ্টদের সর্বোচ্চ সচেতনতা আমরা আশা করি।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** দেশ উন্নয়নের মহাসড়কে উঠলেও দেশের চরবাসীদের জীবনমান এখনো উন্নয়নের মূলস্রোত থেকে পিছিয়ে। শিক্ষার মত গুরুত্বপূর্ণ মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে সেখানকার শিশুরা। চরাঞ্চলের শিশুদের শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে সরকার কার্যকর ব্যবস্থা নিবে, এটাই প্রত্যাশা।
- (ঘ) **দৈনিক সবুজ, দৈনিক সকালের খবর, আজকের ময়মনসিংহ, দৈনিক হৃদয়ের বাংলা, দৈনিক নিউ টাইমস:** দেশের চিকিৎসা ব্যবস্থা উন্নত হলেও চিকিৎসা ব্যয় বৃদ্ধি উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। তাই চিকিৎসা খাতে জনগণের খরচ কমাতে সরকারের কার্যকর পদক্ষেপ ও বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। সংঘমের মাস সামনে রেখে অসংঘমের মহড়া- মোস্তফা কামাল (দৈনিক সবুজ, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সকালের খবর, দৈনিক হৃদয়ের বাংলা ও দৈনিক নিউ টাইমস)
- ০২। অনিশ্চিত জাতীয় জ্বালানি নিরাপত্তা- অধ্যাপক ড. এম শামসুল আলম (দৈনিক স্বজন)
- ০৩। সৌদি আরব ও ইরানের পুনর্মিলনে অস্বস্থিতে যুক্তরাষ্ট্র- একেএম শামসুদ্দিন (আজকের বাংলাদেশ)
- ০৪। নারীর ক্ষমতায়ন ও সমসাময়িক বাংলাদেশ- ব্রিগেডিয়ার জেনারেল ড. সুরাইয়া রহমান (অব.) (দৈনিক ঈষিকা)

#